দৈনিক ইত্তেফাক

তারিখ 25 APR 2017
পৃষ্ঠা 6 কলাম 2

# এমপিওভুক্ত শিক্ষকদের অবসর গ্রহণের বয়স

সরকারি শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীদের অবসর গ্রহণের বয়স সাতান্ন বছর নির্ধারণের প্রেক্ষাপটে এক প্রজ্ঞাপনের মাধ্যমে (স্কুল নং ২২২৯-(২০০০) ২৯/১১/১৯৭৯, মাদ্রাসা নং ১২৭৩০/পি-৯৩ ২২/১২/১৯৭৯ ধারা ২৬) এমপিওভুক্ত বেসরকারি শিক্ষক-কর্মচারীদের অবসর গ্রহণের বয়স ৬০ বছর নির্ধারণ করা হয়। সরকারি শিক্ষক-কর্মচারীদের তুলনায় এমপিওভুক্ত শিক্ষক-কর্মচারীদের তিন বছর বেশি চাকরি করার সুযোগ রাখা হয়। পরবর্তী সময়ে সরকারি চাকুরেদের অবসর গ্রহণের বয়স দুই বছর বাড়ানোর পর বেসরকারি শিক্ষক-কর্মচারীদের তিন বছর বেশি চাকরিরত থাকার সুবিধা এক বছরে নেমে আসে। ফলে এক্ষেত্রে একটি বৈষম্য সৃষ্টি হয়েছে। যা কোনোভাবেই কাম্য নয়। যেসব যুক্তিতে সরকারি ক্ষেত্রে অবসর গ্রহণের বয়স দুই বছর বাড়ানো হয়েছে, বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানের ক্ষেত্রেও নিঃসন্দেহে তা প্রযোজ্য। খবরে প্রকাশ, বেসরকারি শিক্ষক-কর্মচারীদের অবসর গ্রহণের বয়স দুই বছর বৃদ্ধি করা সংক্রান্ত একটি প্রস্তাব বাস্তবায়নের অপেক্ষায় আছে। প্রায় ত্রিশ হাজার বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানে কর্মরত শিক্ষক-কর্মচারীদের প্রত্যাশা—শিক্ষকবান্ধব সরকার এ বিষয়ে দ্রুত একটি সিদ্ধান্ত নিয়ে শিক্ষকদের অধিকার সুরক্ষা ও মর্যাদা সমুন্নত করবে। উল্লেখ্য, এর জন্য বাজেটে অতিরিক্ত বরাদ্দের প্রয়োজন নেই।

**মো. মোস্তফা হোসেন**
প্রধানশিক্ষক, এম.এ. শাহনূর বানু উচ্চ বিদ্যালয়,
রূপগঞ্জ, নারায়ণগঞ্জ